



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪২৮

তারিখ: ১০/০১/২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুবিতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে আজ বুধবার (১০ জানুয়ারি) সকাল ১০.৩০টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন। এ সময় উপস্থিত ছিলেন মাননীয় উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন কবির, মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মোঃ আসাদুজ্জামান, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টরসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এর আগে সকাল ১০.০০ টায় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন এর নেতৃত্বে আনন্দ র্যালি অনুষ্ঠিত হয়। র্যালিটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে এসে শেষ হয়।

পুষ্পার্ঘ্য অর্পণ শেষে বঙ্গবন্ধুর প্রতিকৃতির পাদদেশে অনুষ্ঠিত এক সংক্ষিপ্ত আলোচনা সভায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, ১০ জানুয়ারি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস বাংলাদেশের ইতিহাসে গুরুত্বপূর্ণ একটি দিন। দিনটি আমাদের জন্য দুই দিক থেকে আনন্দের। একটি হচ্ছে এই দিনে বঙ্গবন্ধু পাকিস্তানের কারাগার থেকে মুক্ত হয়ে বাংলাদেশের মাটিতে ফিরে আসেন। অপরটি হলো ৫২ বছর পরে আমরা এই দিনে দ্বাদশ পার্লামেন্ট আনন্দের দিনে আছি। গত ৭ জানুয়ারির নির্বাচনে বাংলাদেশের মানুষ আবারও রায় দিয়েছে গনতন্ত্রের পক্ষে, উন্নয়নের পক্ষে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশ পরিচালনার পক্ষে। দুই দিক থেকেই দিনটি আমাদের জন্য বিজয়ের ও আনন্দের।

তিনি আরও বলেন, বঙ্গবন্ধু বাংলাদেশে ফিরে দেখেন বিধ্বস্ত একটি দেশ। এটিকে পুনর্গঠনে মনোযোগ দেন তিনি। তারই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। ৭ জানুয়ারির নির্বাচনে বাংলাদেশ আওয়ামীলীগের জয় আমাদের জন্য মাইলফলক হিসেবে দাঁড়িয়ে গেল। এখন অসমাপ্ত কাজগুলো সমাপ্ত করার পাশাপাশি দেশের আর্থসামাজিক ও অবকাঠামোর উন্নয়নের মাধ্যমে বাংলাদেশকে আরো এগিয়ে নেওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী নিত্য নতুন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করবেন। বাংলাদেশ যেমন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাবে, তেমনি এখানে আমরা যারা আছি তারা কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে একটি লিডিং বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠা করার জন্য আমাদের কার্যক্রম চালিয়ে যাব। এই বিশ্ববিদ্যালয় এখন যে অবস্থানে এসেছে সেটি মানুষ মূল্যায়ন ও অনুকরণ করে। আমাদের অর্জন এবং যে পরিকল্পনা রয়েছে সেগুলো অন্যরা অনুসরণ করে। দ্বাদশ সংসদ নির্বাচনে সরকারের জয়ের ফলে আমরা এখন আরো সহযোগিতা পাবো এবং এগিয়ে যেতে পারবো। আমি সবাইকে সাথে করে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যেতে চাই যাতে করে আমাদের শিক্ষার্থীরা গুণগত ও মানসম্পন্ন শিক্ষা গ্রহণের মাধ্যমে উন্নয়নে অবদান রাখতে পারে।

উপাচার্য বলেন, আপনারা দেখেছেন এখন বিশ্ববিদ্যালয়ে দুর্নীতির কোন স্থান নেই। আপনারা দেখেছেন আমরা শিক্ষা, গবেষণায় এগিয়ে যেতে কাজ করছি, সেটির প্রমাণ আপনারা বিভিন্ন র্যাংকিং এ দেখতে পারছেন। এক্ষেত্রে আরও অগ্রসর হওয়ার জন্য আমাদেরকে গবেষণার নীতি নৈতিকতা মেনে কাজ করতে হবে, মৌলিক গবেষণার মাধ্যমে প্রকাশনার প্রতি জোর দিতে হবে। পাশাপাশি গবেষণা পত্রগুলো ইমফ্যাক্টফুল জার্নালে প্রকাশ করতে হবে। আমাদের মনে রাখতে হবে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের প্রধান স্টেকহোল্ডার। তাদেরকে আত্মবিশ্বাসী করে গড়ে তুলতে হবে, তারা যেন বিশ্ববিদ্যালয় ও শিক্ষকদের নিয়ে গর্ব করতে পারে। আমাদের সকলকে নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করার মাধ্যমে দেশের উন্নয়নে ভূমিকা রাখতে হবে। তবেই কুমিল্লা বিশ্ববিদ্যালয় এগিয়ে যাবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি